জীবননগরে দুই কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

জীবননগরে দুই কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক হয়েছে।

গত মঙ্গলবার রাতে জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নিদেশে জীবননগর থানার এ এস আই কামররুজ্জামান, এ এস আই হাবিব সঙ্গীয় ফোর্স নিয়ে নারায়নপুর গ্রামে অভিযান চালায়।

এ সময় নারায়নপুর গ্রামের মজনুর রহমানের ছেলে শাহ আলম কিরন (২৫) এবং একই গ্রামের মৃত নেয়ামত মন্ডলের ছেলে বশির উদ্দিন বছেরকে আটক করে।

এ সময় তাদেও কাছ থেকে ২ কেজি গাঁজা ও গাঁজা বিক্রি করার নগদ ২ হাজার ২’শ টাকা পাওয়া যায়।

এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

মেহেরপুরে ইয়াবাসহ ছোট বাবু আটক

মেহেরপুরে ১০পিচ ইয়াবাসহ ছোটবাবু নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। মঙ্গলবার দুপুরে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনীর চর গোয়াল গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। একইসাথে মাদক বিক্রির ১০ হাজার ৫শ টাকা জব্দ ডিবি পুলিশ।
আটক ছোটবাবু গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের মৃত বাবু দর্জির ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলীর বিষয়টি নিশ্চিত করে বলেন, ছোট বাবু নামের এক মাদক ব্যবসায়ীকে ১০পিচ ইয়াবাসহ আটক করা হয়েছে৷ তার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা

হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরের গাংনীতে গাঁজাসহ ২ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলায় ২৫০শ গ্রাম গাঁজা সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। শনিবার দিবাগত রাতে গাংনী উপজেলার জুগিন্দা গ্রাম থেকে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো, জুগিন্দা পশ্চিম পাড়ার জাদু মন্ডলের ছেলে দবির উদ্দিন, গাড়াডোব গ্রামের আবু ইউসুফ এর ছেলে আব্দুল হামিদ।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক আসামীদয়ের বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করার প্রক্রিয়া চলছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ফেন্সিডিলসহ ৭ মামলার আসামী আটক

মেহেরপুরে ৬ বোতল ফেন্সিডিলসহ ওটন মোল্লা নামের এক মাদক মামলার আসামীকে আটক করেছে ডিবি পুলিশ। বৃহস্পতিবার দিবাগত রাতে এস আই তরিকুলের নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার বুড়িপোতা গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক ওটন মোল্লার বিরুদ্ধে মেহেরপুর সদর

থানায় ৭টি মাদকের মামলা রয়েছে। আসামী ওটন সদর উপজেলার বুড়িপোতা গ্রামের বর্ডার পাড়ার মৃত এয়ার মোল্লার ছেলে৷

বিষয়টি নিশ্চিত করে জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, আটক আসামী ওটন মোল্লার বিরুদ্ধে ৭টি মাদকের মামলা বিচারাধীন রয়েছে। এছাড়াও ফেন্সিডিলসহ আটক হওয়ায় তার বিরুদ্ধে আরও একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
মেপ্র/এমএফআর

দামুড়হুদায় গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গা জেলার অন্তভুক্ত দামুড়হুদা থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ২৫০ গ্রাম গাঁজাসহ মাদক সম্রাট ওমর আলীকে আটক করেছে পুলিশ। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ দেশের যুব সমাজকে রক্ষা করতে মাদককে জিরো টলারেন্স ঘোষনা করেছেন।

সেই উদ্যোগকে সাফল্য করতে ও সেই লক্ষে উদ্বুদ্ধ হয়ে মাদকের অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে, দামুডহুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা পুলিশ অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক এর নেতৃত্বে, এস,আই মোঃ তৌহিদুর রহমান শেখ, এ,এস,আই মোঃ মসলেম উদ্দিন, এ এস,আই মোঃ বিল্লাল হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিতে দামুড়হুদা উপজেলার লোকনাথপুর বাজার এলাকায় পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করেন বুধবার বেলা ১১ টার দিকে দোহ তল্লাশী করে ২৫০ গ্রাম গাঁজাসহ মাদক সম্রাট ওমর আলীকে আটক করেন।

আটককৃত মাদক ব্যবসায়ী হলেন দামুড়হুদা উপজেলার দর্শনার কুড়ুলগাছি পশ্চিম পাড়ার মো: আলম হোসেনের ছেলে ওমর আলী(৩০)।

আটককৃত মাদক ব্যবসায়ী ওমর আলীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করা হয়েছে বলে জানান।

একের পর এক মাদক বিরোধী সফল অভিযান পরিচালনা করায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা পুলিশ অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেকসহ থানার সকল পুলিশ সদস্যকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসী সহ সচেতন মহল।

মেহেরপুরে বোনের বিয়ে ভেঙে যাওয়ায় মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর কর্মকর্তার সাথে তরুনের ধস্তাধস্তি

মেহেরপুরে আযিম ওরফে রাজা(১৮) নামের এক মাদক মামলার আসামী ও মাদক নিয়ন্ত্রন অধিদপ্তরের পরিদর্শক শাহ জালাল খান সহ তিন জনের সাথে ধস্তাধস্তি হয়েছে। পরে সরকারি কর্মকর্তার গায়ে হাত তোলার অপরাধে রাজা আটক করে মেহেরপুর সর থানায় সোপর্দ করা হয়। সোমবার মেহেরপুর শহরের বোস পাড়ায় রাজার চাচা জাহিদের বাড়িতে অভিযান চালানোর সময় এ ঘটনা ঘটে।

রাজার পরিবারের দাবি মাঝে মধ্যেই আমাদের বাড়িতে কারনে অকারনে মেহেরপুর মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর থেকে অভিযানে আসে। এ কারনে আমাদের বাড়ির মেয়ের কয়েকদিন আগে বিয়ে ভেঙে যাই। পাশের ঘরে রাজার চাচা জাহিদ থাকে। সেখানে অভিযানে আসলে রাজা ক্ষিপ্ত হয়ে আমাদের বাড়িতে কেন আসেন বলে গালি গালাজ করে। এতে ক্ষিপ্ত হয়ে পরিদর্শক শাহ জালাল রাজার উপর চড়াও হয়। পরে তাদের মধ্যে ধস্তাধস্তি শুরু হয়।

এমন অবস্থায় এসআই খসরু আল মামুন ও সিপাহী সাইদুর রহমান এগিয়ে আসলে তাদের সাথেও টানা হেছড়া শুরু হয়।

পরে রাজাকে আটক করে মাদক নিয়ন্ত্রন অধিদপ্তরে নিয়ে আসা হয়। সেখানে চোখ বেঁধে রাজাকে বেধড়ক পেটানো হয় বলে অভিযোগ করেছে রাজা। আযিম ওরফে রাজা মেহেরপুর শহরের বোস পাড়ার মাসুদের ছেলে।

তার বিরুদ্দে মেহেরপুর সদর থানায় একটি মাদক নিয়ন্ত্রন আইনে মামলা আছে।

এ বিষয়ে মেহেরপুর মাদক নিয়ন্ত্রন অধিদপ্তরের পরিদর্শক শাহ জালাল খান বলেন, এর আগে রাজার বাড়িতে অভিযান চালিয়ে রাজাকে গাজাসহ আটক করা হয়। কিন্তু সোমবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে রাজার পাশের বাড়ি তার চাচা জাহিদের বাড়িতে অভিযান চালানো হয়। অভিযান শেষে ফেরার পথে রাজা আমাদের উপর চড়াও হয়ে আক্রমন চালায়।

অপরদিকে এ ঘটনার সাক্ষি হালদার পাড়ার রাইহান পরিদর্শক শাহ জালাল খানের সাথে দেখা করতে গেলে সেখানে থাকা এ এস আই শহিদুল ইসলাম রাইহানসহ তার বন্ধু দিঘির পাড়ার মোতালেব এর ছেলে নাসির উদ্দিনকে অফিস থেকে বের করে দেয়। পরে অফিসের বাইরে এ এস আই ও তাদের সাথে তুমুল বাকবিতন্দা শুরু হয়। নাসির উদ্দিন জানান, আমি ও রাইহান পরিদর্শকের সাথে দেখা করতে গেলে অকথ্য ভাষায় গালাগাল করে অফিস থেকে বের করে দেয়। সেই সাথে আমাদের বাঁশ দিয়ে মারতে চড়াও হয়। একজন সরকারি কর্মকর্তার এহেন আচরনে আমরা হতাশ। পরে পরিদর্শক শাহ জালাল খান এসে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। উভয়ের মধ্যে সমঝোতা করে দেয়।
মেপ্র/এমএফআর

মেহেরপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক, দুটি মোটরসাইকেল জব্দ

মেহেরপুরে ৬ বোতল ফেন্সিডিলসহ মহিরুল ইসলাম(২৩) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। সেই দুটি মোটরসাইকেল জব্দ করেছে গোয়েন্দা পুলিশ।

শনিবার রাতে এসআই তরিকুল ইসলাম এর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার দক্ষিণ শাকিলা গ্রাম থেকে তাকে আটক করা হয়।

আটক মহিরুল ইসলাম সদর উপজেলার হরিরামপুর গ্রামের আকবর আলীর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, সদর উপজেলার দক্ষিণ শাকিলা গ্রাম থেকে ৬ বোতল ফেন্সিডিল সহ মহিরুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। সেই সাথে দুটি মোটরসাইকেল জব্দ করে ডিবি হেফাজতে রাখা হয়েছে। আসামীর বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। মেপ্র/এমএফআর

বড়বলদিয়ায় বিজিবির মাদক বিরোধী অভিযান: ১০ কেজি গাঁজা উদ্ধার

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ১০ কেজি ভারতীয় গাঁজা উদ্ধার করতে সক্ষম হয়েছে।

উদ্ধারকৃত গাঁজা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসে জমা করা হয়েছে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন পরিচালক অধিনায়ক মোহাম্মদ খালেকুজ্জামান (পিএসসি) গতকাল বুধবার রাত ১১ টার দিকে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গতকাল বুধবার বিকেল ৫ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনস্থ দর্শনা বিওপির বিশেষ টহল কমান্ডার নায়েক জুলহাস উদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানার অন্তর্গত সীমান্তবর্তী

বড়বলদিয়া গ্রামের মাঠে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ১০ কেজি ভারতীয় গাঁজা আটক করতে সক্ষম হন। তবে এ ঘটনায় কোন চোরাচালানকারীকে আটক করা সম্ভব হয়নি।

মেহেরপুরে গাঁজাসহ দুইজন আটক

মেহেরপুরে তাসবির হুসাইন সজল (২৫) ও আরিফুল ইসলাম (২২) নামের দুই মাদক কারবারিকে ১শ গ্রাম গাঁজাসহ আটক করেছে সদর থানা পুলিশ। বুধবার এস আই রফিকুল ইসলাম এর নেতৃত্বে অভিযান চালিয়ে দুপুরে সদর উপজেলার দক্ষিণ শাকিলা গ্রামের কবরস্থান থেকে তাদের আটক করা হয়।

আটক তাসবির হুসাইন সজল মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের পশ্চিমপাড়ার মৃত আমিরুল ইসলামের ছেলে ও আরিফুল ইসলাম একই গ্রামের মো. শুকুর আলীর ছেলে।

সদর থানার ওসি শাহ দারা খান বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক আসামীদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে তিনজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। শনিবার দুপুরে সদর থানার এস আই রফিকুল ইসলাম এর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার হরিরামপুর গ্রাম থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো , ইছাখালী গ্রামের জমসের আলীর ছেলে আলমগীর (২৪) , ঝাঁঝাঁ গ্রামের মৃত চটু সরদারের ছেলে ইমরান (২৬), গোভীপুর গ্রামের ফেরদৌস আলীর ছেলে ইবনে আবু সুফিয়ান (২৪)।

এস আই রফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে জানান, আটক আসামীদের বিরুদ্ধে সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আজকেই তাদের আদালতে সোপর্দ করা হবে।

মেপ্র   /এমএফআর